

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



নতুন আঙ্গিকে স্পেশাল এডুকেশন ভাবনা

প্রিয় নিউ ইয়র্কবাসী,

এক বছরের কিছু আগে, আমি এই একই শিরোনামে একটি PS + You নিউজলেটার পাঠিয়েছিলাম। আমি আমাদের [স্পেশাল এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিল](#) চালু করার পাশাপাশি, প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য আমাদের বিশেষায়িত কর্মসূচি বা স্পেশালাইজড প্রোগ্রামের একটি ঐতিহাসিক সম্প্রসারণ ঘোষণা করছিলাম।

এখন, আমি আনন্দের সাথে একটি চমৎকার তথ্য শেয়ার করছি: অ্যাডভাইজরি কাউন্সিল তাদের চূড়ান্ত প্রতিবেদন সম্পাদন করেছে। ঘন্টার পর ঘন্টা গভীর আলোচনা ও পর্যালোচনার পর, কাউন্সিলের 52 জন সদস্য—যারা পরিবার, কমিউনিটির নেতা, অ্যাডভোকেট, শিক্ষার্থী, শিক্ষক, এবং আরো অনেকের প্রতিনিধিত্ব করছেন—সুপারিশসমূহ উপস্থাপন করেছেন, যাতে রয়েছে:

- স্কুল ও পরিবারদের মাঝে আস্থা জোরদার করা
- শিক্ষার্থীদের বাড়ির কাছের স্পেশাল এডুকেশন প্রোগ্রামগুলোতে বিনিয়োগে অগ্রাধিকার দেয়া

- মানসিকতার পরিবর্তন করা এবং আমাদের কাজে প্রতিবন্ধিতায়ুক্ত ব্যক্তিদের জীবনের বাস্তব অভিজ্ঞতাসমূহকে আরো বেশি অন্তর্ভুক্ত করা

এসব সুপারিশগুলোতে একটি উল্লেখযোগ্য প্রতিপাদ্য বা থিম হলো অন্তর্ভুক্তি, এবং যদিও সামনে অনেক কাজ রয়ে গেছে, ইতোমধ্যেই আমরা যেসব পদক্ষেপ গ্রহণ করছি সেগুলোর জন্য আমি গর্বিত।

আমাদের কিভারগার্টেনে প্রবেশকারী অটিস্টিক শিক্ষার্থীদেরকে আরো ভালোভাবে সহায়তা করার জন্য, এই ফল-এ (হেমন্তে) আমরা আমাদের অত্যন্ত জনপ্রিয় নেস্ট, হরাইজন, এবং AIMS প্রোগ্রামগুলোকে ডিস্ট্রিক্ট 5, 12, এবং 14-এ সম্প্রসারিত করবো। নেস্ট এবং হরাইজন উভয়ই, যেগুলো দ্বাদশ (12) গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে, চমৎকার সাফল্য প্রদর্শন করে (সেগুলোর হাই স্কুল গ্র্যাজুয়েশনের গড় হার 95% !), এবং আরো অনেক পরিবার তালিকাভুক্ত (এনরোল) হতে চাচ্ছে। আপনি নেস্ট, হরাইজন, এবং AIMS সম্পর্কে [আমাদের ওয়েবসাইট](#) থেকে জানতে পারেন।

এছাড়াও, আমরা আমাদের নতুন [অন্তর্ভুক্তিমূলক এবং পরস্পরনির্ভর ভাষা উদ্যোগ \(ইনক্লুসিভ অ্যান্ড ইন্ডিপেন্ডেন্ট ল্যাঙ্গুয়েজ ইনিশিয়েটিভ\)](#) হিসেবে একটি পরিভাষার শব্দকোষ তৈরি করেছি, যা অন্তর্ভুক্তি অগ্রসর করে এবং অক্ষমের বিরুদ্ধে বৈষম্য প্রতিহত করে। আপনি একজন শিক্ষক, পিতামাতা, অথবা কমিউনিটির সদস্য যাই হোন না কেন, আমি আপনাকে এই তথ্য-সংস্থানটি পর্যালোচনা করতে এবং শিক্ষার্থীদের সাথে আপনার কথোপকথনে এটার পথ-নির্দেশনা অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করছি।

সবশেষে, আমি কাউন্সিল সদস্যদেরকে তাদের চমৎকার কাজের জন্য ধন্যবাদ দিতে চাই। আমরা আমাদের স্কুলগুলোতে উচ্চাভিলাষীভাবে নতুন আগিকে স্পেশাল এডুকেশন নিয়ে ভাবনার সময় আপনার নিবেদিত প্রাণ, অংশীদারিত্ব, এবং বিশেষ জ্ঞান ও দক্ষতার জন্য আমি কৃতজ্ঞ।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যামেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।